

শুগান্ত্র

প্রিন্ট: ২৭ মে ২০২৫, ১১:০৫ এএম

শিক্ষান্তর

চবিতে নজরুল জন্মজয়ন্তী উদযাপন



শুগান্ত্র প্রতিবেদন

প্রকাশ: ২৭ মে ২০২৫, ০৮:৪১ এএম



চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কার্যক্রম সংস্করণের উদ্দেশ্যে ১২৬তম নজরুল জন্মজয়ন্তী পালিত হয়েছে।

সোমবার চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের আবুল করিম ভবনের ২ নাম্বার গ্যালারিতে অনুষ্ঠানের আয়োজন করা হয়।

প্রফেসর ড. মাতুম আহমেদের সভাপতিত্বে এ অনুষ্ঠানের প্রধান অতিথি ছিলেন চবি উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইয়াহুইয়া আখতার এবং মুখ্য আলোচক হিসেবে উপস্থিত ছিলেন বাংলা বিভাগের প্রফেসর ড. মোহাম্মদ শেখ সাদী।

মুখ্য আলোচক ড. মোহাম্মদ শেখ সাদী তার বক্তব্যে নজরুলের সাহিত্য ভাঙারের বিশালতা উল্লেখ করে বলেন, নজরুল যুগের সৃষ্টি নয় বরং তিনি যুগের শ্রষ্টা। তার কবিতা সকল প্রকার অনিয়ম, অকল্যাণ, অসত্যের প্রতিফলন। নজরুলের অমর কবিতা বিদ্রোহীর পঙ্ক্তি উল্লেখ করে বলেন তার কবিতা ব্যক্তিমুক্তির চূড়ান্তবার্তা।

চবি উপাচার্য প্রফেসর ড. ইয়াহুইয়া আখতার তার বক্তব্যে বলেন, জুলাই আন্দোলনের পর বর্তমান প্রশাসন দায়িত্ব নেওয়ার পর থেকে বিশ্ববিদ্যালয়ের সৃজনশীল ও মননশীল সংগঠনগুলোর কার্যক্রমগুলোকে উৎসাহিত করছে।

নজরুল বাঙালি চেতনার সঙ্গে ওতপ্রোতভাবে জড়িত উল্লেখ করে তিনি বলেন বৃটিশ বিরোধী আন্দোলন, মুক্তিযুদ্ধ থেকে শুরু করে সর্বশেষ জুলাই আন্দোলনে এর প্রতিফলন দেখা গেছে। নজরুলের লেখা বিশ্বে সাহিত্যে ছড়িয়ে দেওয়ার উপর গুরুত্বারোপ করে তিনি সবাইকে নজরুলের সাহিত্যকর্মের যথাযথ মান বজায় রেখে অনুবাদ করার আহ্বান জানিয়েছেন।

আবৃত্তি মঞ্চের সভাপতি তাসলিম হাসান বলেন, এই আয়োজন শুধু একটি দিনকে ধিরে নয়, বরং নজরুলের আদর্শকে হৃদয়ে ধারণ করে প্রতিদিনের জীবনে তার চেতনা বাস্তবায়নের এক প্রচেষ্টা। আমরা যেন তাঁর কবিতার মতোই বলিষ্ঠ, মানবিক ও মুক্তিচিন্তার মানুষ হতে পারি—এই হোক আজকের অঙ্গীকার।

পরবর্তীতে আবৃত্তি মঞ্চের সদস্যদের অংশগ্রহণে নজরুলের গান, আবৃত্তি ও নাচ পরিবেশিত হয়। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিল আমন্ত্রিত সংগঠন চিট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অঙ্গন, বন্ধুসভা ও রঁদ্দেভু শিল্পীগোষ্ঠী।

